

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৩।

নং-৩৩৪-বিচার-৩/১ডি-০১/২০১২,

তারিখ: ১২ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ  
২৮ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকা এর এ.টি মামলা নম্বর-১১৪/২০১৫ এর গত ০৮/০১/২০১৭ খ্রিঃ তারিখের এবং প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের মামলা নম্বর-৪০২/২০১৭ এর গত ১০/০১/২০১৮ খ্রিঃ তারিখের রায় ও আদেশের আলোকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে কিশোরগঞ্জের সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ পরবর্তীতে যশোরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ বর্তমানে বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত জনাব মোঃ মিজানুর রহমান এর বিরুদ্ধে এ বিভাগের ০৩/০৯/২০১৪ খ্রিঃ তারিখের ৪৩৬-বিচার-৩/১ডি-০১/২০১২ নং স্মারকে জারিকৃত বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদান সংক্রান্ত আদেশটি এতদ্বারা বাতিল করা হলো।

০২। বর্ণিত রায়ের আলোকে জনাব মোঃ মিজানুর রহমান-কে অতিরিক্ত জেলা ও দায়রা জজ হিসেবে চাকরিতে পুনর্বহাল করা হলো এবং তাঁর বাধ্যতামূলক অবসরের তারিখ হতে পুনরায় চাকরিতে যোগদানের তারিখ পর্যন্ত সময়কে চাকরিকাল হিসেবে গণ্য করা হলো। বিধি মোতাবেক তিনি বকেয়া বেতন-ভাতাদিসহ সকল আর্থিক সুবিধাদি প্রাপ্ত হবেন।

০৩। জনাব মোঃ মিজানুর রহমান-কে পূর্বে প্রদত্ত বাধ্যতামূলক অবসর প্রদানের তারিখ অর্থাৎ ০৩/০৯/২০১৪ খ্রিঃ তারিখে ভূতাপেক্ষভাবে অতিরিক্ত জেলা ও দায়রা জজ, যশোর হতে প্রত্যাহারপূর্বক আইন ও বিচার বিভাগে সংযুক্ত করা হলো।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
২৪/১০/২০২০


(মোঃ গোলাম সারওয়ার)  
সচিব

নং-৩৩৪-বিচার-৩/১ডি-০১/২০১২,

তারিখ: ১২ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ  
২৮ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, যশোর।
- ৩। জনাব মোঃ মিজানুর রহমান, সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ, যশোর।  
[ আপনাকে ০৩/০৯/২০১৪ খ্রিঃ তারিখে ভূতাপেক্ষভাবে অতিরিক্ত জেলা ও দায়রা জজ, যশোর এর দায়িত্বভার অর্পন করে আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা হিসেবে যোগদানের জন্য অনুরোধ করা হলো। ]
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-২/৪/৫/৮ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
[উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।]
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, যশোর।
- ১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

  
২৪/১০/২০২০

(মোঃ শাহাবুদ্দিন)  
সিনিয়র সহকারী সচিব।